গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪- ৬৫ | তারিখ: ১২/০১/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।**

রাজৈর উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১২/০১/২০২৩

(মোঃ আনিসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা.................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ..........................ইউপি, রাজৈর।
জনাব.......................................................................
..........................................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzprajoir@gmail.com/ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

D:\Office Documents File\Resolution\G Notice.doc

# উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী

সভাপতি

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর

স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স, রাজৈর, মাদারীপুর।

তারিখ : ১৮/০১/২০২৩ খ্রিঃ। সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা হয়।

০২। <u>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ</u>- (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের মাসিক সম্মানী ভাতা ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা, ভ্রমণ/দৈনিক ভাতা ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা, উপজেলা পরিষদের কর্মচারীর ডিসেম্বর-২০২২ খ্রিঃ মাসের বেতন ভাতা ৩২,৫৫০/- (বত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, এছাড়াও উপজেলা পরিষদের মাসিক বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে মাসিক মনোহরী/আনুষঙ্গিক (কাগজ, কলম, পত্রিকা বিল ইত্যাদি) মালামাল ক্রয় বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, উপজেলা পরিষদের মাসিক ইন্টারনেট বিল ২,০০০/- (দুই হাজার) টাকা। উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত</u>- উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। <u>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ</u>- চেয়ারম্যান, হোসেনপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, গত ২৮/১২/২০২২ খ্রিঃ তারিখ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদিত প্রকল্পটির সাধারণ সম্পাদক পরিবর্তন করা প্রয়োজন। এমতাবস্থায় নতুনভাবে নিম্নবর্ণিত কমিটি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।

তাঁতীকান্দা তালিমুল কোরআন নুরানী মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, হোসেনপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব হৃদয় সরকার, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, হোসেনপুর ইউপি, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(খ) উপজেলা চেয়ারম্যান, রাজৈর সভায় জানান যে, নিম্নবর্ণিত প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।

রাজৈর উপজেলার বিভিন্ন গ্রামে মসজিদ ও মাদ্রাসায় সিলিং ফ্যান বিতরণ- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব সাগর মুফতি, ইউপি সদস্য, বদরপাশা ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মিলন মিয়া, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৪। <u>বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমঃ</u>

(ক) <u>উপজেলা কৃষি বিভাগঃ</u>- উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতিটি ইঞ্চি জমি ব্যবহার করে খাদ্যের চাহিদা পুরণের জন্য সবাইকে অনুরোধ করেন। বিভিন্ন কৃষি পণ্য বরাদ্দ স্বাপেক্ষে লোড আনলোডের জন্য উপজেলা কৃষি অফিসের সামনে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হতে একটি ব্রীজ/কালভার্ট নির্মাণ করার জন্য অনুরোধ করেন। রাজৈর উপজেলায় ইউরিয়া মাসিক ১২৮ মে. টন, ডিএপি মাসিক ৭০ মে. টন, টিএসপি ০৯ টন এবং এমওপি মাসিক ১৪ মে. টন বরাদ্দ রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

<u>সিদ্ধান্তঃ</u> বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

<u>বাস্তবায়নেঃ</u> উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(খ) উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগঃ- উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

বহিঃ বিভাগে সেবাদানকৃত রোগীর সংখ্যাঃ ১১০৪৯ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৪৩২ জন, অন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ৯২৪ জন, সিজারিয়ান অপারেশন ০৬ জন, স্বাভাবিক প্রসব ১৮ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৭৭ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা ০৩ জন, শয্যা ব্যবহারের হার ১৩২.১১%, মৃত্যুর হার .৩৬%, রোগীর গড় অবস্থান ২.২৪ দিন, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৫২১ জন, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৪৮৯২ জন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(গ) প্রাণি সম্পদ বিভাগঃ- উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তাঁর বিভাগীয় কর্মকাণ্ড উপস্থাপন করেন।

গবাদি পশুর টিকা প্রদান ৩৫০০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান ৩৪০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদান ১৭১৭ টি, হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান ১৫৭৭৫ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ১১ টি, কৃত্রিম প্রজনন ৬০৫ টি, সংকর জাতের বাছুরের তথ্য ২৭৪ টি, গবাদি পশুর খামার স্থাপন ০ টি, হাঁস মুরগির খামার স্থাপন ০ টি, খামার পরিদর্শন ০৭ টি, উঠান বৈঠকের আয়োজন ০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ২৪০ জন, উন্নত জাতের ঘাসের চাষ ০১ একর। টেকেরহাটে একটি প্রাণিজ পণ্য বাজারজাত করণের জন্য মার্কেট নির্মাণ করা হবে। উর্দ্ধতন কর্তৃপক্ষ বাজার পরিদর্শণের জন্য এসেছিলেন। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)ঃ- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলার অধিকাংশ রাস্তাই অত্যন্ত সরু। রাস্তার দুই পাশে বাড়ানোর চেষ্টা করা হলে গাছের কারনে কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়না। রাস্তা উন্নয়নের জন্য প্রপোজাল ঢাকায় পাঠানোর পর ঢাকা হতে যাচাই বাছাই করার জন্য টিম আসলে পার্শ্ববর্তী গাছ দেখে প্রপোজালটি বাতিল করে দেয়। এ কারনে রাজৈর উপজেলা উন্নয়ন হতে বঞ্চিত হচ্ছে। জানুয়ারি-২৩ এর মধ্যে টেন্ডার প্রক্রিয়া শেষ করে ওয়ার্ক অর্ডার দেয়ার পরিকল্পনা রয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখাঃ- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ১২৮ জন নদী ভাঙনে ক্ষতিগ্রস্থদের প্রতিজনকে নগদ ৮০০/- (আটশত) টাকা ও ৩০ কেজি চাল বরাদ্দ পাওয়া গেছে। আগামী সপ্তাহে ক্ষতিগ্রস্থদের মাঝে বিতরণ করা হবে। ১ কিঃ মিঃ রাস্তা বরাদ্দ পাওয়া গেছে। শেখ রাসেল মহাবিদ্যালয়ের ফ্লাড সেন্টার নির্মাণ কাজ ইজিপিতে টেন্ডার করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(চ) উপজেলা শিক্ষা বিভাগঃ- উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২৩ সালের নতুন বই বিতরণ করা হয়েছে। ২য় সেশনে অনলাইন শিক্ষক বদলি কার্যক্রম চলমান। নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য অনাপত্তি প্রেরণ। প্রাথমিক শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা ২০২২ এর কার্যক্রম পরিচালনা, শিক্ষার্থীদের উপবৃত্তি তথ্য এন্ট্রি, হালনাগাদ, চাহিদা অনুমোদন। প্রধান শিক্ষকদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, আগামী ৩১/১২/২২ তারিখ রোজ শনিবার উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপবৃত্তির সাথে যুক্ত ০১ জন আইসিটি শিক্ষক/কর্মচারীর অংশ গ্রহণে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উদ্যোগে ০১ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ২০২৩ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে প্রাপ্ত পাঠ্যপুস্তক প্রথম পর্যায়ে ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪০% বিতরণ করা হয়। আগামী ১লা জানুয়ারি-২৩ তারিখ ছাত্র/ছাত্রীদের মাঝে বিতরণ করা হবে। এনসিটিবি কর্তৃক বিষয় ভিত্তিক শিক্ষকদের ট্রেনিং জেলা পর্যায়ে গত ২৬/১২/২২ তারিখ হতে ৩১/১২/২২ তারিখ পর্যন্ত চলবে। আগামী মাস থেকে উপজেলা পর্যায়ে বিষয় ভিত্তিক শিক্ষকদের ট্রেনিং শুরু হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।

(জ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেনঃ

| খাবার বড়ি | | ইনজেকটেবলস | | কনডম | | আইইউডি | | ইমপ্লান্ট | | স্থায়ী পদ্ধতি | | জেলাভিত্তিক হার CAR |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | |
| ১৫৭২ | ৮১৭ | ৭৬৬ | ২৪৮ | ২৮২ | ৮২ | ৬০ | ০২ | ৭৭ | ১১১ | ২০ | ২৩ | ৭৬% |

মোট সক্ষম দম্পতি ৪৮৬৯০ জন, গ্রহণকারী ৩৬৮৪৩ জন। এছাড়া, সপ্তাহে সোমবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সে বন্ধ্যাত্বকরণ ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঝ) উপজেলা সমাজসেবা বিভাগঃ- উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে অতিরিক্ত প্রাপ্ত প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের নতুন ভাতাভোগী অনলাইনে আবেদন অনুযায়ী বাছাই করা হয়েছে। আর এস এস খাতে ৩০০০০০/- (তিন লক্ষ) টাকা বিনিয়োগ করা হয়েছে। আর এম সি (পল্লী মাতৃকেন্দ্র) খাতে ১৪৮৫০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা বিনিয়োগ করা হয়েছে। বিভিন্ন প্রকল্প গ্রামে আর এস আর এমসি ও দগ্ধ ও প্রতিবন্ধী খাতে ৪৬৬০০০/- (চার লক্ষ ছিষট্টি হাজার) টাকা পুনঃ বিনিয়োগ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঞ) উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা। মোট ঋণ বিতরণ ৩৩০৭২৫০০/- টাকা। আদায়যোগ্য আসল ২৯৫৩৬৯১৬/- টাকা। আদায়কৃত আসল ২৯২৭৮৬৩৭/- টাকা। ঋণ আদায়ের হার ৯৯.১৩%। মোট ঋণ খেলাপী ২৮৫৬৮৭/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ৩২ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩২৯ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহীতার সংখ্যা (পুঃ ০৬+মঃ ১৬) ২২ জন, যুব ঋণ বিতরণ ১০৩০০০০/- ও প্রশিক্ষণ (পুঃ ০+ মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৪৮+মঃ ৪১২৪) ৬২৭২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০২৫+মঃ ১৯৯৪) ৩০১৯ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৪৪০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৩২৬৫০০০/- টাকা, আদায়কৃত আসল ৩২৬৫০০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩১৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৭১+মঃ ১৪৪) ৩১৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ- ৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৩২৩৩/-টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণীর সংখ্যা ১৫ জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ট) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ- উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

| বিবরণ | লক্ষ্যমাত্রা | | অর্জন | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | মাসে | বছরে | মাসে | বছরে | | |
| সমিতি/দল গঠন | ০১ | ০৩ | ০ | ১ | ২৫% | |
| সদস্য/সদস্যা ভর্তি | ৩৫ | ৩৮৪ | ৩০ | ১২৭ | ৩৩% | |
| শেয়ার আদায় | .০৬ | .৮০ | ০ | .১২ | ৫০% | |
| সঞ্চয় আদায় | ৫.২৯ | ৬১.৪০ | ৯.৪৬ | ৩৫.২৬ | ৫৭% | |
| ঋণ বিতরণ | ১৪০.০০ | ১৬৫৬.৪৯ | ৯৭.৮৮ | ৭৮৭.৪৮ | ৪৭% | |
| ঋণ আদায় | ২৭২.৫০ | ১৫২০.০৯ | ২০২.৭৫ | ৭৩৮.৬৩ | ৪৯% | |
| প্রশিক্ষণ | ৫০ জন | ১৭৫০ জন | ৩০ | ১৭৮ | ১০% | |

প্রকল্প গ্রহণঃ- মৎস্য চাষ- ৮০ টি, গরু মোটাতাজাকরণ- ৬০ টি, হাঁস মুরগি পালন- ৯২ টি, সবজি চাষ- ১২০ টি, ক্ষুদ্র ব্যবসা- ১০৩ টি ও কৃষি কাজ- ৮৮ টি। সর্বমোট-৫৪৩ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঠ) <u>উপজেলা সমবায় বিভাগঃ-</u> উপজেলা সমবায় কর্মকর্তা তার বিভাগীয় কাজের অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-

| ক্র.নং | বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সমবায় সমিতির সংখ্যা | বিভাগীয় কেন্দ্রীয় | বিভাগীয় প্রাথমিক | | পাউবো কেন্দ্রীয় | পাউবো প্রাথমিক |
| | | ০২ টি | ২২৭ টি | | ০১ টি | ১৭৯ টি |
| ০২ | অডিট সংক্রান্ত | অডিট বরাদ্দ | অডিট সম্পন্ন | | | |
| | | ২২৭ টি | প্রাথমিক-১০৯ টি, কেন্দ্রীয়-৩ টি | | - | - |
| ০৩ | অডিট ফি | অডিট ফি ধার্য | অডিট ফি আদায় | | - | - |
| | | ৩৫২৫০/- | ৩৫২৫০/- | | - | - |
| ০৪ | সমবায় উন্নয়ন তহবিল | ধার্য | আদায় | | - | - |
| | | ৩৭৫৬৭/- | ৩৭৫৬৭/- | | - | - |
| ০৫ | গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জ) | ঋণ আদায় (ক্রমপুঞ্জ) | | সার্ভিস চার্জ আদায় | ঋণ পাওনা |
| | | ৪,৭৫,০০০/- | ৩৮৫২৫০/- | | ২৬,১৬০/- | ৮৯৭৫০/- |
| ০৬ | দুগ্ধ প্রকল্প | ঋণ বিতরণ | ঋণ আদায়যোগ্য | আদায়যোগ্য হয়নি | ঋণ আদায় | সার্ভিস চার্জ আদায় |
| | | ৪৬৩.০০ | ৪২৯.০০ | ৩৪.০০ | ২৫৮.২৬ | ৩১.৬৫ |

দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

<u>সিদ্ধান্ত</u> বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

<u>বাস্তবায়নে</u> ঃ উপজেলা সমবায় অফিসার, রাজৈর, মাদারীপুর।

(ড) <u>নির্বাচন বিভাগঃ-</u> কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ঢ) <u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-</u> উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্র নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প | ২০২০-২১অর্থবছরে ২০০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে । | কাজটি ৯০%সম্পন্ন হয়েছে। কাজটি চলমান আছে। |
| ২। | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প। | ২০২০- ২১অর্থবছরে ২৮৬ টি গভীর নলকূপ এবং ২০২১-২২ অর্থ বছরে ২৮৬টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে | ২০২১-২২ অর্থবছরে ৯৬% কাজ সম্পন্ন হয়েছে কাজ চলমান আছে। |
| ৩। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজৈর উপজেলা অফিস। | পুরাতন ভবন জরাজীর্ণ হওয়ায় অফিস কার্যক্রম ব্যাহত হচ্ছে। পুরাতন বাসভবন এবং বর্তমান চলমান অফিস বাসভবন এর মাঝে একটি নতুন ভবন নির্মাণকাজ চলমান রয়েছে। | ভবন নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে। |

<u>সিদ্ধান্ত</u> বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈরকে অনুরোধ জানানো হয়।
<u>বাস্তবায়নে</u> ঃ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।

(ণ) <u>উপজেলা মৎস্য বিভাগঃ-</u> উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, জানুয়ারি/২৩ মাসে ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় এআইএফ-২ অনুদানপ্রাপ্ত দুইটি সিআইজিকে মৎস্য পরিবহনযোগ্য পিক-আপ ভ্যান এবং ০৮ জন প্রদর্শনী চাষিদের প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে। জাটকা সংরক্ষণ ও ক্ষতিকর জাল (চায়না জাল, কেরেন্ট জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান পরিচালিত হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ও মৎস্য সম্প্রসারণমূলক কাজ উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। সকলের সহযোগিতা কামনা করা হয়।

<u>সিদ্ধান্ত</u> বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

<u>বাস্তবায়নে</u> ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ত) <u>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর-</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় বলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে জানুয়ারি/২০২৩ হতে মার্চ/২০২৩ পর্যন্ত ০৩ মাসের সেলাই প্রশিক্ষণে ১০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ যথারীতি ভালভাবে চলছে। মাস ওয়ারি মা ও শিশু সহায়তা কর্মসূচী চালু হয়েছে, ফলে প্রত্যেক ইউনিয়ন এবং পৌরসভা থেকে গর্ভবতী দরিদ্র অসহায় মহিলা ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ রয়েছে। তার অনলাইনের মাধ্যমে আবেদন চলছে। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের ১৬৯৮ জন দরিদ্র অসহায় মহিলা ভাতাভোগীর আবেদন এবং যাচাই বাছাই সম্পূর্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত</u> বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

<u>বাস্তবায়নে</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ধ) উপজেলা বন বিভাগঃ- উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরে বিক্রয়/বিতরণের নিমিত্ত অত্র নার্সারী কেন্দ্রে ৫০০০ টি ফলজ, বনজ, ভেষজ ও ঔষধি চারা উত্তোলনের কার্যক্রম চলমান। বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০২২ উপলক্ষে অত্র উপজেলার ২টি শ্রেণীতে মোট ২টি আবেদন পাওয়া গেছে। আবেদনগুলি স্কোর তৈরী করে জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা বন কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(দ) উপজেলা পরিসংখ্যান বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ধ) উপজেলা হিসাবরক্ষণ অফিসঃ কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ন) উপজেলা খাদ্য বিভাগঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

১৮/০১/২০২৩ খ্রি তারিখের টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের মজুদ- ক) চাল ঃ ৬৪৯১.৮৮৫ মেঃ টন, খ) গম ঃ ১০৪২.০৯২ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ১,৫৭,০০০ খানা। সরকার এ বছর অভ্যন্তরীণ ভাবে আমন/২০২২-২৩ মৌসুমে রাজৈর উপজেলা হতে ৩২১২.০০০ মেঃ টন সিদ্ধ চাল এবং ২৫৯.০০০ মেঃ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। মিলারগণ প্রায় ২১৭৫.০০০ মেঃ টন সিদ্ধ চালের চুক্তি করেছেন। এ পর্যন্ত আমন চাল/২২-২৩ সংগ্রহ করা হয়েছে ১১৫৭.০০০ মেঃ টন। চালের ক্রয় মূল্য ৪২/- (বিয়াল্লিশ) টাকা। কৃষকদের মধ্য হতে অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহের কথা থাকলেও বাজার মূল্য বেশী থাকায় কোন কৃষক ধান বিক্রয়ের জন্য আবেদন করেননি। বর্তমানে অ্যাপের মাধ্যমে ধানক্রয় এর পাশাপাশি প্রকৃত কৃষকের মধ্য হতে আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২০ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ জন সুবিধাভোগীদের মধ্যে বর্তমানে যাচাইকৃত/ অনুমোদনকৃত কার্ড সংখ্যা ৬,৮২১ টি। এ কার্যক্রম আগামী মার্চ এবং এপ্রিল/২৩ মাসে চলমান থাকবে। তবে উল্লেখ্য যে, খাদ্য গুদামগুলোতে খালি যায়গা সৃষ্টির লক্ষ্যে মার্চ/২৩ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল ২০/০২/২০০২৩ খ্রি তারিখের মধ্যে ডিলারগণকে উত্তোলন করতে হবে মর্মে ঊর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। রাজৈর পৌরসভায় প্রতিদিন (শুক্র, শনি ও সরকারি ছুটি ব্যতীত) খোলা বাজারে মোট ০৩টি ডিলার- প্রত্যেক ডিলারের মাধ্যমে ১.০০০ মেঃ টন করে সর্বমোট ৩.০০ মেঃ টন চাল বিক্রয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। তবে চলতি জানুয়ারি/২৩ মাসের ভিডব্লিউ খাতের চাল বিলিবিতরণের সম্ভাবনা কম। কারন এ মাসের মধ্যে নতুন তালিকা না পাওয়া পর্যন্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা চাহিদা দিতে পারবে কি না বলে, শঙ্কার মধ্যে আছেন। এ মাসে ভিডব্লিউবি খাতে চাল বিলিবিতরণ করা সম্ভব না হলে, আগামী ফেব্রুয়ারি/২৩ মাসে, দুই মাসের চাল একসঙ্গে বিলিবিতরণ করা হবে। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।

(প) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)ঃ- উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, রাজৈর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, রাজৈর, মাদারীপুর।

(ফ) বিদ্যুৎ বিভাগঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর বিদ্যুৎ বিভাগের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

(১) ২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-০.৪১০ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (ডিসেম্বর-২০২২)ঃ- আবাসিক-১৮২ টি, বানিজ্যিক-৪৫ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০ টি, শিল্প-০৩ টি, সেচ-০২, অটো চার্জ স্টেশন-০১, অন্যান্য-১১, মোট-২৪৪ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭২৮২৯ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া ডিসেম্বর-২০২২ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ১৬১৮৫৮১/- টাকা।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।

(ব) পল্লী সঞ্চয় ব্যাংকঃ- শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রমিক নং | উপজেলার নাম | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | সঞ্চয় আদায় | | | উৎসাহ ও বোনাস প্রাপ্তি | কল্যাণ তহবিল প্রদান | সমিতির মোট তহবিল | প্রবৃদ্ধিসহ মোট তহবিল | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | ৬ মাসের বার্ষিক | ক্রমঃ | | | | | |
| ০১ | রাজৈর | ২২২ | ১০৩৩১ | ১.৭৮ | ৯.৭৬ | ৫৩৬.৫৭ | ৩৫৯.৭৬ | ৫৬৮.৪০ | ১৫৮.৪০ | ১৪৯৪.৯৭ | ১৬.৪৪ |

| ঋণ বিতরণ | | | | | বার্ষিক আদায়যোগ্য | ঋণ আদায় | | | | | চলতি বকেয়া | শাখা মাঠে খেলাপী | বর্তমান হারে খেলাপী | এক মাসের বেশী খেলাপী | মোট পাওনা ঋণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | | | | |
| ১.৩৭ | ১৪৩.৯০ | ৪৫০.৯১ | ৩৪% | ৬২০১.৬২ | ১৯.৭৯ | ১.৬৫ | ১৫৩.৩৩ | ৪৬১.১৮ | ৩৩% | ৪৫৩০.৬৪ | ২১৭.৪৮ | ১৫০.৯০ | ১৯৫.৫৮ | ৩৫৫.৯৫ | ১৬৭০.৯৮ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে : শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।

(ভ) উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগঃ- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আওতায় পল্লী অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠিকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন এবং সদস্যদের পুঁজি গঠন করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২২৫৭ জন অর্জন ২২৩১ জন,ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-৮৫০ জন অর্জন ৮০৭ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-১৭১.০৬ লক্ষ অর্জন ১৩৫.০৫ লক্ষ, চলতি বছরে ঋণ আদায় লক্ষমাত্রা-১৮২.৯৯ লক্ষ অর্জন ১৪৩.৫৬ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত) লক্ষমাত্রা-৫৮.০৬ লক্ষ অর্জন ৫৪.৩৫ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২৫২.৫৫ লক্ষ অর্জন ২৩৪.৫২ লক্ষ, আদায়ের হার (চলতি ঋণ) লক্ষমাত্রা-৯৮% অর্জন ৯৭%, সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড চলতি বছর ২৫ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠন লক্ষমাত্রা-১৩০.৫০ লক্ষ অর্জন ১২৩.৮৮ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ম) উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ)ঃ- ইউডিএফ, রাজৈর সভায় জানান যে, ৫ম পর্যায়ের উপজেলা পরিষদ এর বাস্তবায়িত প্রতিবন্ধী কল্যাণ সংস্থা ও বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ও ওয়াশব্লক এবং টেকেরহাট হরমজ্জ রশিদিয়া কামিল মাদ্রাসায় একটি ওয়াশব্লক নির্মাণ কাজটি সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়েছে। এর মধ্যদিয়ে ৪র্থ ও ৫ম পর্যায়ে মোট ১ কোটি টাকা সফলভাবে বাস্তবায়িত হওয়ায় উপজেলা পরিষদের সকলকে ধন্যবাদ জানান। উল্লেখ্য যে আগামী ৬ষ্ঠ পর্যায়ে মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে উপজেলা পরিষদ বরাদ্দ পাবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- ইউডিএফ, রাজৈর, মাদারীপুর।

০৫। নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনাঃ- উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সেই সাথে কেউ যেন ভোগ্যপণ্যে কোন প্রকারের ভেজাল দিতে না পারে সেদিকে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরও জানান যে, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। খাদ্যে ভেজাল সংক্রান্ত কোন তথ্য জানার পর তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন, রাজৈরকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয় ও বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ অন্যান্যদের আলোচনা ও সুপারিশঃ-

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ রাজৈর, সভায় বলেন রাস্তার পার্শ্ববর্তী গাছের কারণে আমগ্রাম ও বাজিতপুরে রাস্তার কাজ বন্ধ রয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা মেরামত/সংস্কার করার জন্য মেয়র, রাজৈর পৌরসভাকে অনুরোধ করা হয়। আগামি সপ্তাহের মধ্যে মাননীয় সংসদ সদস্যের গভীর নলকূপের তালিকা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে প্রেরণ করা হবে। অবশিষ্ট ইউপি হতে এডিপি প্রকল্প তালিকা প্রেরণ করার অনুরোধ করেন। সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য কর্মকর্তা (সকল) ও ইউপি চেয়ারম্যান (সকল)কে অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন যে, বৈধ বালু মহল হতে বালু ক্রয় করা হলে শর্তসাপেক্ষে কেবলমাত্র সেই বালু ভরাটের অনুমতি দেয়া যেতে পারে। অনুমতি ছাড়া কোন জলাশয় ভরাট করা হলে জলাশয় আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। খাদ্য সংকট মোকাবেলায় সকলকে নিজ জায়গা হতে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদের অভ্যন্তরে কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক কোয়ার্টারের ভাড়া মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারণ করা ছিল। বর্তমানে উক্ত ভাড়া কমানোর জন্য কর্মচারীগণ মৌখিকভাবে আবেদন করেছেন। এমতাবস্থায় ভাড়া কমিয়ে ৪,০০০/- (চার হাজার) টাকা নির্ধারণের জন্য প্রস্তাব করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা, ঝড়ে উপড়ে পড়া বিভিন্ন প্রজাতীর গাছ ও অফিসার্স ক্লাবের পাশে রক্ষিত উপজেলার বিভিন্ন স্থানের জব্দকৃত গাছের অংশবিশেষ বিক্রয়ের জন্য প্রাক্কলন করার জন্য উপজেলা বন কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করা হয়। উপজেলা শিল্পকলা একাডেমীর নিজস্ব ভবন না থাকায় সাংস্কৃতিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। সাংস্কৃতিক ও দাপ্তরিক কার্যক্রম সচল রাখার স্বার্থে বিদ্যমান অত্যন্ত জরাজীর্ণ টিনসেড ঘরটির স্থানে নতুন শিল্পকলা একাডেমীর ভবন নির্মাণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য প্রস্তাব করা হয়। মাসের আইন শৃংখলা সভা এবং সাধারণ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সকল তথ্য নিয়মিত ওয়েব সাইটে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর বলেন যে, টেকেরহাটের বিদ্যমান মাছ মাংসের সেড এর স্থানে আধুনিক কিচেন মার্কেট করার জন্য নির্ধারণ করা হয়েছে। সুপার মার্কেটটি ঝুকিপূর্ণ ও জরাজীর্ণ হওয়ায় মাননীয় জেলা প্রশাসক, মাদারীপুর, উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সহকারী কমিশনার (ভূমি), রাজৈর পরিদর্শন করেছেন। জেলা প্রশাসক, মাদারীপুর মহোদয় মার্কেটটি অবস্থা দেখে দ্রুত অপসারণ করার জন্য নোটিশ প্রদানের নির্দেশনা প্রদান করেন। মার্কেট ভবনটি দ্রুত অপসারণ না করা হলে যে কোন সময়ে ধ্বসে পড়ে প্রাণহানিসহ বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

<u>সিদ্ধান্ত</u> উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মেয়র, রাজৈর পৌরসভা ও সহকারী কমিশনার (ভূমি) রাজৈরকে অনুরোধ করা হয়।

(ঘ) চেয়ারম্যান, হোসেনপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, তাঁতীকান্দা গ্রামে কোন কবরস্থান না থাকায় ৩৩ শতাংশ জমি কবরস্থানের জন্য আমরা ভাইয়েরা মিলে দান করেছি। কিন্তু জমি নিচু হওয়ায় সেখানে বালু ভরাট করা প্রয়োজন। সেখানে বালু ভরাটের অনুমতিসহ আর্থিক সহযোগিতা কামনা করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, হোসেনপুর ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪-৫৩ তারিখঃ ১৮/০১/২০২৩ খ্রি

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। উপজেলা ...................................................... কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান (সকল), ...................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
(পরিশিষ্ট-ক)

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৩। মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০৪। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর।
০৮। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। ডিজিএম পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
১৯। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২০। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, রাজৈর, মাদারীপুর।
২৩। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।
২৪। উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর।
২৫। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, রাজৈর।
২৬। জনাব কহিনুর বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
২৭। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
২৮। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
২৯। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩০। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩১। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩২। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৩। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৪। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৫। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৬। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৭। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
(পরিশিষ্ট-খ)

০১। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৪। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৫। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর।
০৬। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, রাজৈর।
০৯। সভাপতি, দুদক, রাজৈর, মাদারীপুর।
১০। জনাব লাভলি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১১। জনাব উর্মি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১২। জনাব সেলিনা বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১৩। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। ইসলামিক ফাউন্ডেশন, রাজৈর, মাদারীপুর।
১৬। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর ।